রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২১ সনের ২০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২০, ২০২১

## সূচিপত্র

| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম খণ্ড | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭—২৬০ |
| ২য় খণ্ড | প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৩—৩৯৮ |
| ৩য় খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড | বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড | প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫২৫—৫৭২ |
| ৭ম খণ্ড | অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড | বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | | |
| (১) | .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) | .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**জামস-শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ জানুয়ারি ২০২১ খ্রিঃ

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৮১.১৮-২৬৬**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, খুলনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা খুলনা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|---|---|
| ০১ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব অধ্যাপক বুনু ইকবাল বিথার, খুলনা | চেয়ারম্যান |
| ০২ | ১০(১)(ঘ) | শিক্ষিকা | শবনম সাবা, খুলনা | সদস্য |
| ০৩ | ১০(১)(ঙ) | সমাজসেবী | সাদিয়া সালাম, খুলনা | সদস্য |
| ০৪ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব নুরিনা রহমান, খুলনা | সদস্য |
| ০৫ | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব ইসরাত আরা হীরা, খুলনা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের অধ্যাপক বুনু ইকবাল বিথার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ৩১-০১-২০২১ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**রেলপথ মন্ত্রণালয়**
**আইন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭/২২ মার্চ ২০২১

বিষয় : **"রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা, ২০২১"**

**নং ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৫৭**—বাংলাদেশ রেলওয়ের প্রায় ২৩০০ (দুই হাজার তিনশত) মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন যেগুলো পরিচালনার জন্য এ খাতে বাংলাদেশ রেলওয়ের পৃথক বাজেট বরাদ্দ থাকে। বাংলাদেশ রেলওয়ের মামলাগুলোতে রেলপথ মন্ত্রণালয়ের সচিবকে অধিকাংশ ক্ষেত্রেই বিবাদী করা হয়। কিন্তু বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য কোন সুনির্দিষ্ট নীতিমালা নেই। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য নীতিমালা প্রয়োজন বিধায় রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হলো :

১। এ নীতিমালা "রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

২। প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে "অনুমোদনকারী কর্তৃপক্ষ" বলতে—

(ক) রেলপথ মন্ত্রণালয়ের ক্ষেত্রে সচিব, রেলপথ মন্ত্রণালয়;

(খ) বাংলাদেশ রেলওয়ের (প্রধান কার্যালয়) ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং

(গ) অঞ্চলের ক্ষেত্রে প্রত্যেক অঞ্চলের মহাব্যবস্থাপক।

২.১। "আইন কর্মকর্তা" বলতে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে এবং সদর দপ্তরে নিয়োজিত আইন কর্মকর্তাদের বুঝাবে।

২.২। "দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা" বলতে প্যানেল আইনজীবী নিয়োগ অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক যাকে দায়িত্ব দিবেন তাঁকে বুঝাবে;

৩। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের মামলাসমূহ পরিচালনার জন্য অন্তত দুইটি জাতীয় পত্রিকায় (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) আগ্রহ ব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তির মাধ্যমে প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের প্রস্তাব আহ্বান করতে হবে। প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের নিম্নোক্ত যোগ্যতা প্রয়োজন হবে :

(ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ডিগ্রী;

(খ) বার কাউন্সিলের সনদ;

(গ) জেলা পর্যায়ের প্যানেল আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে দেওয়ানী/ ফৌজদারি আদালতে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা (তবে দেওয়ানী মামলার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে);

(ঘ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা।

৪। আগ্রহ ব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবে :

(ক) আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ই- মেইল ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত;

(খ) ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি;

(গ) জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি;

(ঘ) বাংলাদেশ বার কাউন্সিলের পেশাগত সনদ;

(ঙ) জেলা পর্যায়ের প্যানেল আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে অ্যাডভোকেট হিসেবে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সনদ;

(চ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতার সনদ;

(ছ) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণপত্র।

৫। রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের/চুক্তিপত্রের শর্তাবলি :

(ক) প্যানেল আইনজীবী নিয়োগ ০৩ (তিন) বৎসরের জন্য হতে হবে;

(খ) নির্ধারিত সম্মানী ছাড়া কোন বেতন-ভাতা/অতিরিক্ত সম্মানী দেয়া হবে না;

(গ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন কর্মকর্তা ও এটর্নি জেনারেলের দপ্তরের সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করতে হবে;

(ঘ) যে কোন মামলায় দায়িত্ব দিলে তা' গ্রহণে বাধ্য থাকবে;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োজিত আইনজীবীর নিকট হস্তান্তরিত মামলার অনাপত্তিসহ যাবতীয় কাগজপত্র অন্য বিজ্ঞ আইনজীবীর নিকট হস্তান্তরে বাধ্য থাকবে;

(চ) নিয়োজিত প্যানেল আইনজীবী রেলপথ মন্ত্রণালয়/ বাংলাদেশ রেলওয়ের বিরুদ্ধে দায়েরকৃত কোন মামলায় রেলপথ মন্ত্রণালয়/ বাংলাদেশ রেলওয়ের বিরুদ্ধে নিয়োজিত হতে পারবেন না;

(ছ) কোন আইনজীবী নিজে অব্যাহতি চাইলে অথবা কোন আইনজীবীকে রেলপথ মন্ত্রণালয়/ বাংলাদেশ রেলওয়ে অব্যাহতি দিতে চাইলে উভয় ক্ষেত্রে ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

(জ) প্রশাসনিক ট্রাইব্যুনাল/বিভাগীয়/ জেলা/উপজেলা পর্যায়ে মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট আইন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে দায়িত্ব পালন করতে হবে;

(ঝ) উভয় পক্ষের সম্মতিতে নিয়োগ প্রতি ০২ (দুই) বৎসরের জন্য নবায়ন করা যেতে পারে;

(ঞ) মামলা নিষ্পত্তি/অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীকে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বরাবর ত্রৈমাসিক অগ্রগতির রিপোর্ট দিতে হবে।

৬। (ক) রেলপথ মন্ত্রণালয়ের বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটি ঃ

| ক্র. নং | পদবি ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (আইন)/যুগ্মসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২ | বিজ্ঞ এটর্নি জেনারেল এর উপযুক্ত প্রতিনিধি (ডেপুটি এটর্নি জেনালের বা তদূর্ধ্ব পদমর্যাদার আইন কর্মকর্তা) | সদস্য |
| ৩ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর অনুবিভাগের প্রতিনিধি (ডেপুটি সলিসিটর বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৪। | মহাপরিচালক, বাংলাদেশ রেলয়ের উপযুক্ত প্রতিনিধি (৫ম গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৫ | উপসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি :** Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(খ) বাংলাদেশ রেলওয়ের (প্রধান কার্যালয়) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটি ঃ

| ক্র. নং | পদবি ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১ | অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে | আহ্বায়ক |
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | বিজ্ঞ এটর্নি জেনারেল এর উপযুক্ত প্রতিনিধি (ডেপুটি এটর্নি জেনারেল বা তদূর্ধ্ব পদমর্যাদার আইন কর্মকর্তা) | সদস্য |
| ৪ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর অনুবিভাগের প্রতিনিধি (ডেপুটি সলিসিটর বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৫ | পরিচালক (সংস্থাপন), বাংলাদেশ রেলওয়ে | সদস্য-সচিব |

**কার্যপরিধি :** Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(গ) বাংলাদেশ রেলওয়ের (পূর্বাঞ্চল) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটি ঃ

| ক্র. নং | পদবি ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জি এম (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে | আহ্বায়ক |
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪ | জেলা জজ আদালতের জিপি | সদস্য |
| ৫ | আইন কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে | সদস্য-সচিব |

**কার্যপরিধি :** Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(ঘ) বাংলাদেশ রেলওয়ের (পশ্চিমাঞ্চল) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটি ঃ

| ক্র. নং | পদবি ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জি এম (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে | আহ্বায়ক |
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪ | জেলা জজ আদালতের জিপি | সদস্য |
| ৫ | আইন কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে | সদস্য-সচিব |

**কার্যপরিধি :** Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

৭। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্যানেল আইনজীবী নিয়োগের জন্য সুপারিশ প্রণয়নের পর অনুমোদনকারী কর্তৃপক্ষ প্যানেল আইনজীবী নিয়োগ করবে।

৮। রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের নিয়োজিত প্যানেল আইনজীবীদের নির্ধারিত ভাতা :

| ক্র. নং | আদালতের নাম | কাজের ধরন | রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ | (ক) পেপার বুক তৈরিসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেয়ার জন্য যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানি | (ক) অ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=১৫,০০০/-(পনের হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়<br>(গ) ১৫,০০০/-(পনের হাজার) টাকা | ভ্যাট ও আয়কর কর্তনের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে। |

| ক্র. নং | আদালতের নাম | কাজের ধরন | রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ে | মন্তব্য |
|---|---|---|---|---|
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ | (ক) বিশেষ আবেদন শুনানি বাবদ (প্রতি মামলা)<br>(খ) বিশেষ আবেদন প্রস্তুতির জন্য কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা) | (ক) অ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা<br>(খ) প্রকৃত ব্যয় | ভ্যাট ও আয়কর কর্তনের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে। |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানির জন্য প্রস্তুত তবে শুনানি হয়নি (প্রতিদিনের হাজিরা) | ১,০০০/- (এক হাজার টাকা) | ঐ |
| ২ | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল | (ক) পেপার বুক তৈরীসহ রীট দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেয়ার জন্য যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানি | (ক) অ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=১০,০০০/-(দশ হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়<br>(গ) ১০,০০০/-(দশ হাজার) টাকা | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানির জন্য প্রস্তুত তবে শুনানি হয়নি (প্রতিদিনের হাজিরা) | ১,০০০/- (এক হাজার টাকা) | ঐ |
| ৩ | প্রশাসনিক ট্রাইব্যুনাল ও দেওয়ানী আদালত | (ক) পেপার বুক/আর্জি প্রস্তুত, দফাওয়ারি জবাব প্রস্তুতসহ মামলা দায়ের/আপীল দায়েরের যাবতীয় কাজ<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানি | (ক) অ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=৫,০০০/-(পাঁচ হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়<br>(গ) ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানির জন্য প্রস্তুত তবে শুনানি হয়নি (প্রতিদিনের হাজিরা) | ১,০০০/- (এক হাজার টাকা) | ঐ |
| | প্রশাসনিক ট্রাইব্যুনাল ও দেওয়ানী আদালত | (ক) বিশেষ আবেদন শুনানি বাবদ (প্রতি মামলা)<br>(খ) বিশেষ আবেদন প্রস্তুতির জন্য কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা) | (ক) অ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=৫,০০০/-(পাঁচ হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয় | ঐ |
| ৪ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ/প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/ দেওয়ানী আদালত | রায়ের সার্টিফিকেট কপি উত্তোলন | প্রকৃত ব্যয় | ঐ |
| | ঐ | কস্ট অব পাওয়ার, ওকালতনামা, এফিডেভিট এর মাধ্যমে তথ্য অবগতকরণসহ অন্যান্য খরচ বাবদ | প্রকৃত ব্যয় | ঐ |
| ৫ | ঐ | উকিল কমিশন, আমিন কমিশন ইত্যাদির খরচ বাবদ | প্রকৃত ব্যয় | ঐ |
| ৬ | যে কোন আদালতে বিশেষ ক্ষেত্রে বিশেষ মামলায় বিশেষ আইনজীবী নিয়োগের ক্ষেত্রে | কনটেম্পট মামলা/ভায়োলেশন মামলা ইত্যাদি ক্ষেত্রে | আলোচনার ভিত্তিতে | ঐ |
| ৭ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ/প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল/ দেওয়ানী আদালত | (ক) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ (প্রতি মামলা)<br>(খ) মহামান্য হাইকোর্ট বিভাগ ও প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল (প্রতি মামলা)<br>(গ) প্রশাসনিক ট্রাইব্যুনাল ও দেওয়ানী আদালত (প্রতি মামলা) | অগ্রিম প্রদান :<br>(ক) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (সর্বোচ্চ)<br>(খ) ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা (সর্বোচ্চ)<br>(গ) ২০,০০০/-(বিশ হাজার) টাকা (সর্বোচ্চ)<br>প্রদত্ত অগ্রিম প্রকৃত ব্যয়ের সাথে সমন্বয় করতে হবে। | ঐ |

৯। বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে মামলার প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ প্রদান করা যাবে। আলোচনা সাপেক্ষে নিয়োগকৃত আইনজীবীর সম্মানী নির্ধারণ করা যাবে।

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা প্রণয়ন করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী নিয়ামুল ইসলাম**
সহকারী সচিব।